

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৮১

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বংশের লোকদের জন্য ফরয যাকাতের মাল ভক্ষন করা নিষেধ

আরবী

3281 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا يُونُسَ مَوْلَى أَبِي هُرَيْرَةَ حَدَّتَهُ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِنِّي أَنْقَلِبُ إِلَى أَهْلِي فَأَجِدُ التَّمْرَةَ سَاقِطَةً ثُمَّ أَرْفَعُهَا لِآكُلَهَا ثُمَّ أَخْشَى أَنْ تَكُونَ صَدَقَةٌ فَأُلقيها)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3281 ا خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩২৮১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমি একবার আমার পরিবারের কাছে যাচ্ছিলাম, এমন সময় আমি খেজুর পড়ে পাই। তারপর সেটা আমি উঠিয়ে নেই খাওয়ার জন্য তারপর আমার আশংকা হলো যে এটা হয়তো সাদাকার খেজুর হবে, অতঃপর আমি সেটা ফেলে দেই।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১০৭০; সুনান বাইহাকী: ৭/২৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৯৪৪; মুসনাদ আহমাদ: ২/৩১৭; বাগাবী: ১৬০৬; সহীহুল বুখারী: ২৪৩১; তাহাবী: ২/১০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩২৮১)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন